

## স্নাতক পরীক্ষা-২০২০

## সাম্মানিক বাংলা

## ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :  $৮ \times ২ = ১৬$
- ক) 'গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর'' — কার লেখা, কোন্ কবিতার পঙ্ক্তি?
- খ) 'সাধারণ মেয়ে' কবিতায় এলোকেশী কে?
- গ) অসুস্থ বাসবদত্তা কোথায় পড়েছিল?
- ঘ) মধু কৈবর্তের পরিচয় দাও।
- ঙ) 'রোগীর ঘর আমার কাছে দ্বিগুণ নিরানন্দ হইয়া উঠিল' — কোন্ প্রসঙ্গে এই ভাবনার উদয় হয়েছিল?
- চ) 'মেঘ ও রৌদ্র' গল্পে শশিভূষণের কত বছরের জেল হয়েছিল? কোন্ ঋতুতে তার কারামুক্তি হয়েছিল?
- ছ) 'মেঘদূত' ('প্রাচীন সাহিত্য') প্রবন্ধে উল্লেখিত দু'টি নগরীর নাম লেখো।

- জ) ফার্দিনানের পরিচয় দাও।
- ঝ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধে উল্লেখিত দুজন উপেক্ষিতাদের নাম লেখো।
- ঞ) 'সকল সময় এই দুইয়ের মধ্যে সামঞ্জস্য থাকে না। যেখানে থাকে সেখানেই সোনায় সোহাগা।' — 'দুই'টা জিনিসের পরিচয় দাও।
- ট) 'ইহা সহজ সত্য, কাব্যে তাহার ব্যতিক্রম হইলে কাব্যের ব্যাঘাত হয়।' — কোন্ প্রবন্ধের অংশ? 'সহজ সত্য' সম্পর্কে লেখো।
- ঠ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ৬ = ৩৬$
- ক) রবীন্দ্রনাথের কবিসত্তায় 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতাটির গুরুত্ব আলোচনা করো।  $৬$
- খ) তোমাদের পাঠ্য 'মেঘদূত' কবিতায় প্রাচীন ভারতের যে বর্ণনা আছে তা সংক্ষেপে বিবৃত করো। কোন্ ঋতুতে সংস্কৃত 'মেঘদূত' কাব্য লেখা হয়েছিল?  $৫+১=৬$
- গ) 'নিশীথে' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।  $৬$
- ঘ) 'শাস্তি' গল্পের চন্দ্রা চরিত্রটি আলোচনা করো।  $৬$
- ঙ) অপূর্ব ও মৃন্ময়ীর কুশীগঞ্জে যাত্রা এবং থাকার অভিজ্ঞতা বিবৃত করো। প্রাসঙ্গিক গল্পটি কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?  $৫+১=৬$

- চ) 'রামায়ণ' সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য পরিস্ফুট করো।  
৬
- ছ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধটিতে উর্মিলা সম্পর্কে প্রাবন্ধিক যে বক্তব্য রেখেছেন তার পরিচয় দাও। পত্রলেখা কোন্ কাহিনির চরিত্র? ৫+১=৬
- জ) 'সাহিত্যের বিচারক' প্রবন্ধটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। প্রবন্ধটি কোথায়, কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল? ৪+২=৬
- ঝ) 'কাব্য: স্পষ্ট এবং অস্পষ্ট' প্রবন্ধটি অনুসরণ করে 'জগৎ' ও 'অতিজগৎ' সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্য বিশ্লেষণ করো।  
৬
- ঞ) 'বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর-একটা জগৎ হইয়া উঠিতেছে'। — 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধটি অবলম্বন করে বক্তব্যটি ব্যাখ্যা করো। ৬
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১২=৪৮
- ক) 'বলাকা' কবিতাটি কোথায়, কত সালে রচিত হয়েছিল? কবিতাটির বক্তব্য পরিস্ফুট করো। ২+১০=১২
- খ) রবীন্দ্রনাথ ঠাকুরের কবিসত্তায় আত্মসমালোচনার পরিচয়ে 'ঐকতান' কবিতাটি আলোচনা করো। ১২
- গ) 'হালদার গোষ্ঠী' গল্পটি সার্থক ছোটগল্প কিনা পর্যালোচনা করো। ১২

- ঘ) 'দ্বীপ পত্র' গল্পটি কোথায়, কখন প্রথম প্রকাশিত হয়েছিল? গল্পটির বিষয়বস্তু ও অভিনবত্ব নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ২+১০=১২
- ঙ) 'মেঘদূত' প্রবন্ধে রবীন্দ্রনাথের প্রেম ও বিরহের সম্পর্কিত বক্তব্য পরিস্ফুট করো। ১২
- চ) শেক্সপীয়রের 'টেম্পেস্ট' ও কালিদাসের 'শকুন্তলা' নিয়ে রবীন্দ্রনাথ ঠাকুর 'শকুন্তলা' প্রবন্ধে যে তুলনামূলক আলোচনা করেছেন, তার স্বরূপ বিশ্লেষণ করো।  
প্রবন্ধটির রচনাকাল উল্লেখ করো। ১০+২=১২
- ছ) 'সাহিত্যের সামগ্রী' প্রবন্ধটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। প্রবন্ধটি প্রথম কোথায়, কত সালে প্রকাশিত হয়েছিল? ১০+২=১২
- জ) 'সৌন্দর্যবোধ' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো। সপ্রাট অশোকের স্তূপ ও স্তম্ভ কোথায় থাকার কথা প্রবন্ধে উল্লেখিত হয়েছে? ১০+২=১২